## বিষয়ঃ উল্লেখযোগ্য তথ্য এবং মূল্য সংবেদনশীল তথ্য প্রকাশ নীতিমালা

## (Principles of Disclosure of Material Information and Price Sensitive Information)

**ভূমিকাঃ- ন্যাশনাল লাইফ ইন্স্যুরেন্স কোম্পানী লিঃ** প্রথম প্রজন্মের বেসরকারি বীমা কোম্পানী **১৯৮৫** সালে প্রতিষ্ঠিত হয়। এটি বিভিন্ন নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের আইন, বিধি-বিধান ও নির্দেশনা পরিপালন করে আসছে। এর ধারাবাহিকতায় বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশন কর্তৃক প্রদত্ত নির্দেশনা অনুসরণপূর্বক উল্লেখযোগ্য তথ্য এবং মূল্য সংবেদনশীল তথ্য প্রকাশ নীতিমালা (Principles of Disclosure of Material Information and Price Sensitive Information) অত্র কোম্পানীর ওয়েবসাইটে প্রকাশ করা হইল।

**১। সংক্ষিপ্ত শিরোনামঃ-** এই বিধিমালা বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশন (সুবিধাভোগী ব্যবসা নিষিদ্ধকরণ) বিধিমালা, ২০২২ নামে অভিহিত হইবে।

**২। সংজ্ঞাঃ-**(১) বিষয় বা প্রসংগের পরিপন্থী কোনো কিছু না থাকিলে, এই নীতিমালায়-

(ক) "অধ্যাদেশ" অর্থ Securities and Exchange Ordinance, 1969 (Ordinance No. XVII of 1969);

(খ) ''অপ্রকাশিত মূল্য সংবেদনশীল তথ্য (Unpublished Price Sensitive Information)" অর্থ বিধি ৩ এর উপ-বিধি (১) এ বর্ণিত অপ্রকাশিত কোনো তথ্য, যাহা প্রকাশিত হইলে স্টক এক্সচেঞ্জের কোনো ট্রেডিং বোর্ডে সংশ্লিষ্ট তালিকাভুক্ত সিকিউরিটি বা ফান্ডের ইউনিট এর বাজারমূল্য প্রভাবিত হইতে পারে বা সংশ্লিষ্ট ইস্যুয়ারের নীট সম্পদ মূল্য উল্লেখযোগ্য হারে প্রভাবিত হইতে পারে;

[**ব্যাখ্যা:** এই ক্ষেত্রে ''উল্লেখযোগ্য হারে" বলিতে কোনো ইস্যুয়ারের বিদ্যমান নীট সম্পদের মূল্যায়ন কমপক্ষে **১০%** (দশ শতাংশ) হারে বা সময় সময় কমিশন কর্তৃক নির্ধারিত হারে প্রভাবিত হওয়ার সম্ভাবনাকে বুঝাইবে।]

(গ) "আইন" অর্থ বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশন আইন, **১৯৯৩** (**১৯৯৩** সনের **১৫** নং আইন);

(ঘ) "আইনগতসত্তা" অর্থ কোম্পানিসহ যে কোনো সিকিউরিটি ইস্যুকারী প্রতিষ্ঠান বা ট্রাস্ট বা ফান্ড বা সংস্থা;

(ঙ) "ইস্যুয়ার" বলিতে তালিকাভুক্ত সিকিউরিটি বা ফান্ডের ইউনিটের ইস্যুকারী কোনো আইনগতসত্ত্বাকে বুঝাইবে;

(চ) ''উল্লেখযোগ্য তথ্য" অর্থ এমন তথ্য, যাহা একজন যুক্তিসংগত বিনিয়োগকারীর বিনিয়োগ সিদ্ধান্ত নেওয়ার ক্ষেত্রে গুরুত্বপূর্ণ বিবেচিত হইতে পারে;

(ছ) ''উল্লেখযোগ্য শেয়ারহোল্ডার" অর্থ কোনো কোম্পানির **১০%** (দশ শতাংশ) বা উহার অধিক শেয়ারের মালিক;

(জ) ''নিকটাত্মীয় (Immediate Relative)" অর্থ পিতা-মাতা, স্বামী বা স্ত্রী, সন্তান বা এইরূপ কোনো ব্যক্তি, যিনি কোনো ব্যক্তির উপর আর্থিকভাবে নির্ভরশীল বা সিকিউরিটি লেনদেন বিষয়ে উক্ত ব্যক্তির পরামর্শ গ্রহণ করিয়া থাকেন;

(ঝ) "ফান্ড" অর্থ কোনো তালিকাভুক্ত মিউচ্যুয়াল ফান্ড, এক্সেচেঞ্জ ট্রেডেট ফান্ড (ইটিএফ), রিয়েল এস্টেট ইনভেস্টমেন্ট ট্রাস্ট (REITs), অল্টারনেটিভ ইনভেস্টমেন্ট ফান্ড বা যে কোনো যৌথ বিনিয়োগ স্কীম;

(ঞ) ‘‘মূখ্য নির্বাহী” অর্থ কোনো ইস্যুয়ারের প্রধান নির্বাহী কর্মকর্তা, প্রধান অর্থ কর্মকর্তা, কোম্পানি সচিবসহ প্রধান ০৫ (পাঁচ) জন কর্মকর্তা;

(ট) ‘‘মূল্য সংবেদনশীল তথ্য” বলিতে বিধি ৩এর উপ-বিধি (১) এ বর্ণিত তথ্যাবলিকে বুঝাইবে;

(ঠ) “স্টক” বলিতে স্টক এক্সচেঞ্জে লেনদেনকৃত কোনো সিকিউরিটিকে বুঝাইবে;

(ড) ‘‘সুবিধাভোগী (Insider)” বলিতে নিম্নবর্ণিত উপ-দফা (অ) হইতে (ঈ) তে উল্লিখিত কোনো ব্যক্তি বা এমন কোনো ব্যক্তি, যিনি উপ-দফা (অ) হইতে (ঈ) তে উল্লিখিত কোনো ব্যক্তির সহিত তাহার সম্পর্ক বা তাহার পদ বা তাহার অবস্থানের কারণে বা লেনদেনের কারণে প্রত্যক্ষ বা পরোক্ষভাবে মূল্য সংবেদনশীল তথ্য প্রকাশিত হইবার পূর্বে জানিতে পারেন বা উক্ত তথ্য জানিবার সুযোগ আছে বলিয়া বিবেচনা করা যায়, যথাঃ-

(অ) কোনো তালিকাভুক্ত কোম্পানির পরিচালক, স্পন্সর বা উদ্যোক্তা, উল্লেখযোগ্য শেয়ারহোল্ডার, ম্যানেজিং এজেন্ট বা উহাদের স্বার্থ সংশ্লিষ্ট পক্ষ বা উহার ব্যাংকার, নিরীক্ষক, সম্পদ মূল্যায়নকারী, ক্রেডিট রেটিং কোম্পানি, উপদেষ্টা বা উহার বা উহাদের সংশ্লিষ্ট কর্মকর্তা বা কর্মচারী বা নিকটাত্মীয় বা উহার বা উহাদের সহিত সম্পর্কিত কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠান;

(আ) কোনো তালিকাভুক্ত ফান্ডের সকল চুক্তিবদ্ধ পক্ষ বা উহার স্বার্থ সংশ্লিষ্ট পক্ষের পরিচালক, ম্যানেজিং এজেন্ট, ব্যাংকার, নিরীক্ষক, সম্পদ মূল্যায়নকারী, ক্রেডিট রেটিং কোম্পানি, উপদেষ্টা, একই ফান্ড ব্যবস্থাপনা কোম্পানির অধীন পরিচালিত অন্য ফান্ড বা উহার বা উহাদের সংশ্লিষ্ট কর্মকর্তা বা কর্মচারী বা নিকটাত্মীয় বা উহার বা উহাদের সহিত সম্পর্কিত কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠান;

**ব্যাখ্যা:** এই দফাতে চুক্তিবদ্ধ পক্ষ বলিতে তালিকাভুক্ত ফন্ডের স্পন্সর, ট্রাস্টি, ফান্ডের ব্যবস্থাপক, কাস্টডিয়ান, প্রস্তাবক, সেবা প্রদানকারী প্রতিষ্ঠানকে বুঝাইবে।

(ই) কোনো স্টক ব্রোকার বা স্টক ডিলার, বাজার সৃষ্টিকারী, ইস্যু ব্যবস্থাপক, পোর্টফোলিও ম্যানেজারসহ সকল বাজার মধ্যস্থতাকারী, বা উহার বা উহাদের পরিচালক বাউহার স্বার্থ সংশ্লিষ্ট পক্ষ বা সংশ্লিষ্ট কর্মকর্তা বা কর্মচারী বা অনুমোদিত প্রতিনিধি বা নিকটাত্মীয় বা উহার বা উহাদের সহিত সম্পর্কিত কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠান;

(ঈ) তালিকাভুক্ত কোম্পানির বা ফান্ডের সংশ্লিষ্ট নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ বা তথ্য প্রাপ্তির আইনগতভাবে অধিকারী কর্তৃপক্ষ বা স্টক এক্সচেঞ্জ, ডিপজিটরি কোম্পানির ন্যায় আত্ম-নিয়ামক সংগঠনের কোনো পরিচালক বা সংশ্লিষ্ট কর্মকর্তা বা কর্মচারী বা উহার বা উহাদের নিকটাত্মীয় বা উহার বা উহাদের সহিত সম্পর্কিত কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠান বা তালিকাভুক্ত কোম্পানি বা ফান্ডের স্বার্থ সংশ্লিষ্ট পক্ষ।

(ঢ) ‘‘সুবিধাভোগী ব্যবসা (Insider Trading)” অর্থ অপ্রকাশিত মূল্য সংবেদনশীল তথ্যের ভিত্তিতে কোনো সুবিধাভোগী কর্তৃক কোনো সিকিউরিটি বা ফান্ডের ইউনিট ক্রয় বা বিক্রয় বা অন্যবিধভাবে হস্তান্তর;

তবে শর্ত থাকে যে, আদালতের আদেশবলে বা মৃত ব্যক্তির উত্তরাধিকার সূত্রে বা বাজেয়াপ্তকরণ (confiscation) এর মাধ্যমে অর্জিত সিকিউরিটি বা ফান্ডের ইউনিটের হস্তান্তর এই সংজ্ঞার আওতাধীন থাকিবে না;

(ণ) ‘‘সংশ্লিষ্ট কর্মকর্তা বা কর্মচারী” বলিতে বিধি ৩ এর উপ-বিধি (১) এ বর্ণিত মূল্য সংবেদনশীল তথ্য জানিবার আইনসঙ্গত অধিকার বা সুযোগ আছে এমন কোনো তালিকাভুক্ত কোম্পানিবা ফান্ডের সংশ্লিষ্ট নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ বা ফান্ডের ব্যবস্থাপক, কাস্টডিয়ান বা ট্রাস্টি ও স্টক এক্সচেঞ্জ বা ডিপজিটরি

কোম্পানির ন্যায় আত্ম-নিয়ামক সংগঠনের কোনো পদাধিকারী বা দায়িত্বশীল কর্মকর্তা বা কর্মচারীকে বুঝাইবে;

(ত) ''স্বার্থ সংশ্লিষ্ট পক্ষ'' বলিতে নিম্নোক্ত স্বার্থ সংশ্লিষ্ট ব্যক্তি বা স্বার্থ সংশ্লিষ্ট প্রতিষ্ঠানকে বুঝাইবে, যথাঃ-

(অ) ''স্বার্থ সংশ্লিষ্ট ব্যক্তি'' অর্থ কোনো ব্যক্তি বা তাহার পরিবারের কোনো সদস্য যদি নিজে বা অন্য কাহারো সহিত যৌথভাবে কোনো প্রতিষ্ঠানের উপর নিয়ন্ত্রণ প্রতিষ্ঠা করে বা উল্লেখযোগ্য প্রভাব বিস্তার করে বা উক্ত প্রতিষ্ঠান বা কোম্পানি বা উহার হোল্ডিং কোম্পানির মূখ্য নির্বাহী কর্মকর্তা বা শীর্ষ ব্যবস্থাপনায় নিয়োজিত থাকে;

(আ) ''স্বার্থ সংশ্লিষ্ট প্রতিষ্ঠান'' অর্থ এমন একটি প্রতিষ্ঠান যদি উহা অন্য কোনো প্রতিষ্ঠানের বা উহার স্বার্থ সংশ্লিষ্ট একই গ্রুপের অন্তর্ভুক্ত প্রতিষ্ঠান হয় বা হোল্ডিং কোম্পানি, সাবসিডিয়ারি কোম্পানি, সহযোগী প্রতিষ্ঠান বা জয়েন্ট ভেঞ্চার হিসাবে সম্পর্কিত হয় বা উভয়ে তৃতীয় কোনো প্রতিষ্ঠানের জয়েন্ট ভেঞ্চার হয় বা উক্ত প্রতিষ্ঠান বা কোম্পানিসমূহ একই স্বার্থ সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক একক বা যৌথভাবে পরিচালিত বা নিয়ন্ত্রিত হয়।

(২) এই বিধিমালায় ব্যবহৃত যেই সকল শব্দ বা অভিব্যক্তির (expression) সংজ্ঞা প্রদান করা হয় নাই সেই সকল শব্দ বা অভিব্যক্তি Securities and Exchange Ordinance, 1969 (Ordinance No. XVII of 1969) ব্যাংক কোম্পানি আইন, ১৯৯১ (১৯৯১ সনের ১৪ নং আইন), বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশন আইন, ১৯৯৩ (১৯৯৩ সনের ১৫ নং আইন), আর্থিক প্রতিষ্ঠান আইন, ১৯৯৩ (১৯৯৩ সনের ২৭ নং আইন), কোম্পনানি আইন, ১৯৯৪ (১৯৯৪ সনের ১৮ নং আইন), ডিপোজিটরি আইন, ১৯৯৯ (১৯৯৯ সনের ৬ নং আইন), একচেঞ্জেস ডিমিউচুয়ালাইজেশন আইন, ১৯১৩ (১৯১৩ সনের ১৫ নং আইন) এবং উহাদের অধীন জারীকৃত কোনো বিধিমালা বা প্রবিধানমালায় যেই অর্থে ব্যবহৃত হইয়াছে সেই অর্থে ব্যবহৃত হইবে।

**৩। মূল্য সংবেদনশীল তথ্য, উল্লেখযোগ্য তথ্য, সুবিধাভোগীর তথ্য এবং উহার প্রকাশ, ইত্যাদি।**-(১) কোনো তালিকাভুক্ত কোম্পানি বা ফান্ড বা সিকিউরিটির ইস্যুয়ার বা ফান্ডের ব্যবস্থাপক বা ব্যবস্থাপনা কর্তৃপক্ষ বা ট্রাস্ট, মূল্য সংবেদনশীল তথ্য হিসাবে, অন্যান্যের মধ্যে, নিম্নবর্ণিত তথ্যাবলীকে গণ্য করিবে, যথাঃ-

(অ) আর্থিক অবস্থা সম্পর্কিত প্রতিবেদন, আর্থিক অবস্থার ফলাফল বা এতদ্‌সংক্রান্ত মৌলিক তথ্য;

(আ) লভ্যাংশ ও কর্পোরেট ঘোষণা সংক্রান্ত তথ্য;

(ই) কর্পোরেট কাঠামো পরিবর্তন সংক্রান্ত তথ্য; যথা- একীভূতকরণ, বিভক্তিকরণ (Demerger), অধিগ্রহণ, অবসায়ন, রূপান্তর বা হস্তান্তর সংক্রান্ত তথ্য;

(ঈ) পুঁজি কাঠামো (Capital Structure) পরিবর্তন সংক্রান্ত তথ্য;

(উ) ব্যবসায় কার্যক্রম সম্প্রসারণ, পরিবর্তন, ইত্যাদি সংক্রান্ত তথ্য;

(ঊ) ফান্ড ব্যবস্থাপনা ও ফান্ডের কাঠামোগত পরিবর্তন সম্পর্কিত তথ্য;

(ঋ) কমিশন কর্তৃক প্রণীত বা অনুমোদিত বা জারীকৃত অন্য কোনো বিধিমালা বা প্রবিধানমালা বা আদেশ বা নির্দেশ বা প্রজ্ঞাপনে মূল্য সংবেদনশীল তথ্য হিসেবে নির্ধারিত কোনো তথ্য;

(এ) কমিশন কর্তৃক সময় সময় সরকারি গেজেটে জারীকৃত প্রজ্ঞাপন দ্বারা নির্ধারিত অন্য কোনো তথ্য।

(২) তালিকাভুক্ত কোম্পানি বা ফান্ড বা সিকিউরিটির ইস্যুয়ার বা ফান্ডের ব্যবস্থাপক বা ব্যবস্থাপনা কর্তৃপক্ষ বা ট্রাস্টি উপ-বিধি (১) এর তথ্যসমূহের মূল্য সংবেদনশীলতা বিবেচনা করিবার ক্ষেত্রে তফসিল-ক অনুসরণপূর্বক উল্লেখযোগ্য তথ্য এবং মূল্য সংবেদনশীল তথ্য প্রকাশ নীতিমালা (Principles of Disclosure of Material Information and Price Sensitive Information) প্রস্তুত করিবে এবং এই বিধিমালা সরকারি গেজেটে প্রকাশিত হইবার তারিখ হইতে ৩ (তিন) মাসের মধ্যে উক্ত নীতিমালা নিজস্ব ওয়েবসাইটে প্রকাশ করিবে।

(৩) তালিকাভুক্ত সিকিউরিটির ইস্যুয়ার ও ফান্ডের ব্যবস্থাপক তফসিল-ক অনুসরণপূর্বক উপ-বিধি (২) এ বর্ণিত নীতিমালা অনুযায়ী উল্লেখযোগ্য তথ্য (Material Information)নিজস্ব ওয়েবসাইটে প্রকাশ করিবে এবং উল্লেখযোগ্য তথ্যাদির মধ্যে উপ-বিধি (১) অনুযায়ী যেগুলি মূল্য সংবেদনশীল তথ্য হিসেবে বিবেচিত, উপ-বিধি ৬ মোতাবেক প্রকাশ করিবে।

তবে শর্ত থাকে যে, সংশ্লিষ্ট স্টক একচেঞ্জ বা কমিশনের কোনো কর্মকর্তা উক্ত তথ্যাবলি কমিশনের পূর্বানুমোদন ব্যতীত কাহারো নিকট প্রকাশ করিতে পারিবে না।

(৪) তালিকাভুক্ত সিকিউরিটির ইস্যুয়ার ও ফান্ডের ব্যবস্থাপক কমপক্ষে বিগত ০৩ (তিন) বছরে প্রকাশিত সকল মূল্য সংবেদনশীল তথ্য (Price Sensitive Information) ও উল্লেখযোগ্য তথ্য (Material Information) নিজস্ব ওয়েবসাইটে সংরক্ষণ করিবে।

(৫) কমিশন, সরকারি গেজেটে প্রকাশিত আদেশ দ্বারা, অন্য কোনো তথ্যকেও মূল্য সংবেদনশীল তথ্য বা উল্লেখযোগ্য তথ্য হিসেবে নির্ধারণ করিতে পারিবে।

(৬) তালিকাভুক্ত কোম্পানি বা ফান্ড বা সিকিউরিটির ইস্যুয়ার বা ফান্ডের ব্যবস্থাপক বা ব্যবস্থাপনা কর্তৃপক্ষ বা ট্রাস্টি, কমিশন কর্তৃক সময় সময় নির্ধারিত পদ্ধতিতে, সকল সুবিধাভোগীর তথ্য সংরক্ষণ করিবে এবং উক্ত তথ্য সংশ্লিষ্ট স্টক এক্সচেঞ্জে ও কমিশনে সরবরাহ করিবে।

৪। **মূল্য সংবেদনশীল তথ্য সরবরাহের উপর বাধা নিষেধ**।-(১)আপাতত বলবৎ অন্য কোনো আইন, কোম্পানির সংঘবিধি বা ফন্ডের ট্রাস্ট দলিল বা কোম্পানি বা ফান্ডের ক্ষেত্রেপ্রযোজ্য অন্য কোনো বিধি-বিধানের প্রয়োজন ব্যতীত কোনো সুবিধাভোগী কোনো তালিকাভুক্ত সিকিউরিটির বা তালিকাভুক্তির জন্য আবেদনকৃত কোনো সিকিউরিটির বা সংশ্লিষ্ট নিয়ন্ত্রণকারী প্রতিষ্ঠানের নিকট অনুমোদনের জন্য পেশকৃত কোনো অপ্রকাশিত মূল্য সংবেদনশীল তথ্য অন্য কাহারও নিকট প্রকাশ বা সরবরাহ করিতে পরিবে না।

(২) কমিশন, সরকারি গেজেটে প্রকাশিত আদেশ দ্বারা, মূল্য সংবেদনশীল তথ্য বা উল্লেখযোগ্য তথ্য প্রকাশ বা সরবরাহের পদ্ধতি নির্ধারণ করিতে পারিবে।

৫। **সুবিধাভোগী ব্যবসা, ইত্যাদি নিষিদ্ধকরণ**।-(১)কোনো সুবিধাভোগী নিজে বা অন্য কাহারো মাধ্যমে সুবিধাভোগী ব্যবসা করিবেন না বা উক্তরূপ ব্যবসার ব্যাপারে কোনো ব্যক্তিগত পরামর্শ প্রদান বা সহায়তা করিবেন না।

(২) স্টক এক্সচেঞ্জে তালিকাভুক্ত কোনো কোম্পানি বা ফান্ডের বার্ষিক হিসাব সমাপ্তির তারিখ এর দুই মাস পূর্ব (ইংরেজী পঞ্জিকা বছর মোতাবেক) হইতে উক্ত হিসাব ব্যাংকের পরিচালনা পর্ষদ (Board of Directors) বা ফান্ডের বোর্ড অব ট্রাস্টি (Board of Trustee) কর্তৃক চূড়ান্তভাবে বিবেচিত, গৃহীত বা অনুমোদিত হওয়ার তারিখ পর্যন্ত সময়কালে আলোচ্য কোম্পানির শেয়ার বা ফান্ডের ইউনিট বা সিকিউরিটি নিম্নবর্ণিত ব্যক্তিগণ ক্রয়, বিক্রয় কিংবা অন্য কোনো প্রকারে হস্তান্তর (গ্রহণ/প্রদান) করিতে পারিবেন নাঃ

(ক) উক্ত তালিকাভুক্ত কোম্পানির কোনো স্পন্সর, পরিচালক, মূখ্য নির্বাহী, সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারী বা উহাতে নিয়োজিত নিরীক্ষক, সম্পদ মূল্যায়নকারী, ক্রেডিট রেটিং কোম্পানি, পরামর্শক, আইন উপদেষ্টা বা উক্ত কাজসমূহে নিয়োজিত বা সম্পৃক্ত ব্যক্তিগণ বা উহার হোল্ডিং কোম্পানি বা উহার বা উহাদের

পরিচালক, সাবসিডিয়ারী কোম্পানি কিংবা Securities and Exchange Ordinance, 1969 এর Section 12 এ উল্লিখিত beneficial owner; বা

(খ) কোনো তালিকাভুক্ত ফান্ডের ব্যবস্থাপক, ট্রাস্টি, কাস্টডিয়ান, একই ফান্ড ব্যবস্থাপনা কোম্পানির ব্যবস্থাধীন অন্য ফান্ড বা উহার বা উহাদের পরিচালক, ট্রাস্টি, সদস্য মূখ্য নির্বাহী ও নিরীক্ষক এবং নিরীক্ষা কজে নিয়োজিত ব্যক্তি; বা

(গ) কমিশন কর্তৃক সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা নির্ধারিত অন্য কোনো ব্যক্তি।

**৬। মূল্য সংবেদনশীল তথ্য সরবরাহের পদ্ধতি ঃ-**

(১) স্টক এক্সচেঞ্জে তালিকাভুক্ত সিকিউরিটির ইস্যুয়ার বা ফান্ডের ব্যবস্থাপক বা প্রযোজ্য ক্ষেত্রে ট্রাস্টি উহার কোনো মূল্য সংবেদনশীল তথ্য সংশ্লিষ্ট বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ বা সংশ্লিষ্ট প্রাথমিক নিয়ন্ত্রণকারী প্রতিষ্ঠানের অনুমোদনের জন্য প্রস্তাব প্রেরণের নিমিত্ত সিদ্ধান্ত গ্রহণ এর ২ (দুই) ঘন্টার মধ্যে কিংবা তথ্যটি উহার গোচরে আসার তারিখেই তাৎক্ষণিকভাবে উহার চেয়ারম্যান, প্রধান নির্বাহী কর্মকর্তা বা কোম্পানি সচিব এর স্বাক্ষরে লিখিতভাবে একই সাথে কমিশন এবং সংশ্লিষ্ট স্টক এক্সচেঞ্জ এর নিকট ই-মেইল, ফ্যাক্স, ডিজিটাল সাবমিশন প্লাটফরম বা বিশেষ বার্তা বাহক মারফত, ক্ষেত্রবিশেষে কুরিয়ার সার্ভিসযোগে প্রেরণ করিবে; এবং উক্ত তথ্য বহুল প্রচারিত দুইটি দৈনিক পত্রিকায় (একটি বাংলা এবং অপরটি ইংরেজি) এবং একটি অনলাইন (online) পত্রিকায় অবিলম্বে প্রকাশনা নিশ্চিত করিবে এবং একইসাথে সংশ্লিষ্ট ইস্যুয়ার বা ফান্ডের ব্যবস্থাপক বা প্রযোজ্য ক্ষেত্রে ট্রাস্টির ওয়েবসাইটে প্রকাশ করিবে।

(২) তালিকাভুক্ত সিকিউরিটির ইস্যুয়ার বা ফান্ডের ব্যবস্থাপক বা ট্রাস্টি সিকিউরিটি বা ইউনিটের মূল্য প্রভাবিত করিবার উদ্দেশ্যে কোনো মিথ্যা বা অসত্য মূল্য সংবেদনশীল তথ্য প্রকাশ করিবে নাকিংবা মিথ্যা বা অসত্য তথ্য সরবরাহ বা প্রকাশে কোনো ব্যক্তিকে প্ররোচিত করিবে না।

(৩) তালিকাভুক্ত সিকিউরিটির ইস্যুয়ার বা ফান্ডের ব্যবস্থাপক বা ট্রাস্টি কর্তৃক প্রেরিত ও প্রকাশিত উক্তরূপ তথ্যটিতে ইস্যুয়ার বা ফান্ডের ব্যবস্থাপক বা ট্রাস্টির পরিচালনা পর্ষদের সিদ্ধান্ত গ্রহণের তারিখ ও সময়, কিংবা ক্ষেত্রমতে তথ্যটি উহার গোচরে আসার তারিখ উল্লেখ করিতে হইবে।

(৪) কোনো সিকিউরিটি বা সিকিউরিটির ইস্যুয়ার বা ফান্ডের মূল্য সংবেদনশীল তথ্য সম্পর্কিত কোনো বিষয়ে উহার সংশ্লিষ্ট নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের অনুমোদনের জন্য ইস্যুয়ার বা ফান্ডের ব্যবস্থাপক বা প্রযোজ্য ক্ষেত্রে ট্রাস্টি কর্তৃক প্রস্তাবিত হইলে,ইস্যুয়ার বা ফান্ডের ব্যবস্থাপকের নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের অনুমোদনের জন্য প্রস্তাব প্রেরিত হইয়াছে মর্মে সংশ্লিষ্ট মূল্য সংবেদনশীল তথ্যের ঘোষণায় উল্লেখ করিতে হইবে এবং উক্ত বিষয়ে নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের অনুমোদন বা সিদ্ধান্ত প্রাপ্তির ০২ (দুই) ঘন্টার মধ্যে উপ-বিধি (১) মোতাবেক পুনরায় মূল্য সংবেদনশীল তথ্য প্রকাশ নিশ্চিত করিবে।

(৫) সংশ্লিষ্ট স্টক এক্সচেঞ্জ উক্ত তথ্য পাওয়া মাত্র উহা স্টক এক্সচেঞ্জের ওয়েবসাইটে প্রকাশ, ট্রেডিং মনিটর বা অন্য কোনো অনুমোদিত মাধ্যমে প্রচার করিবে।

(৬) যে কোনো ধরনের অতিরঞ্জন এড়াইবার জন্য সহজ ও সাবলীল ভাষায় মূল্য সংবেদনশীল তথ্য প্রকাশ করিতে হইবে।

(৭) মূল্য সংবেদনশীল তথ্য সম্পর্কিত বিষয়াদির ঘটনা পরিক্রমা একটি ডিজিটাল ডাটাবেইজে সংরক্ষণ করিতে হইবে।

**"তফসিল-ক"**

[বিধি ৩(২)]

**উল্লেখযোগ্য তথ্য এবং মূল্য সংবেদনশীল তথ্য প্রকাশ নীতিমালা**

## (Principles of Disclosure of Material Information and Price Sensitive Information)

নিম্নবর্ণিত উল্লেখযোগ্য তথ্যসমূহের (Material Information) মধ্যে বিধি ৩ এর উপ-বিধি (১) অনুযায়ী যে সকল তথ্যে তালিকাভুক্ত সিকিউরিটির বা ফান্ডের ইউনিটের মূল্য সংবেদনশীলতা রহিয়াছে বা যে সকল তথ্য কোনো যুক্তিসংগত বিনিয়োগকারীর বিনিয়োগ সিদ্ধান্ত গ্রহণের ক্ষেত্রে প্রভাবক হিসাবে বিবেচিত হইতে পারে সে সকল তথ্য ইস্যুয়ার বা ফান্ডের ব্যবস্থাপক বা ট্রাস্টি কর্তৃক মূল্য সংবেদনশীল তথ্য হিসাবে প্রকাশ করিবে।

উক্ত মূল্য সংবেদনশীল তথ্য ব্যতীত নিম্নবর্ণিত অন্য সকল তথ্য উল্লেখযোগ্য তথ্য (Material Information) হিসেবে ইস্যুয়ার বা ফান্ডের ব্যবস্থাপক উহার দাপ্তরিক ওয়েবসাইটে প্রকাশ করিবে, যথা:-

১। আর্থিক অবস্থার পরিবর্তন সংক্রানক্ত প্রভাবক, যেমনঃ-

(ক) আর্থিক বিবরণীর পরিবর্তন, যেমন-আয়, ব্যয়, নগদ প্রবাহ, প্রাপ্য, দায় বা সম্পদ ইত্যাদির উল্লেখযোগ্য হ্রাস বা বৃদ্ধি ও অধিকাংশ বা উল্লেখযোগ্য সম্পদের পুনর্মূল্যায়ন বা উল্লেখযোগ্য হ্রাস-বৃদ্ধি বিষয়ক কোনো তথ্য বা বিবৃতি বা মন্তব্য;

(খ) আর্থিক বিবরণীর নিম্নোক্ত তুলনামূলক তথ্যাদিঃ

(অ) শেয়ার/ইউনিট প্রতি আয়;

(আ) শেয়ার/ইউনিট প্রতি নীট পরিচালনাগত নগদ প্রবাহ;

(ই) শেয়ার/ইউনিট প্রতি নীট সম্পদ মূল্য;

(গ) ইস্যুয়ার অথবা ফান্ডের সম্পদের মূল্য অথবা সম্পদের সংমিশ্রণের উল্লেখযোগ্য পরিবর্তন;

(ঘ) প্রভিশন সংরক্ষণ সম্পর্কিত সংশ্লিষ্ট ইস্যুয়ারের নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ কর্তৃক কোনো বিশেষ নির্দেশনা বা পূর্বে প্রদত্ত কোনো বিশেষ নির্দেশনার কোনো পরিবর্তন; এবং

(ঙ) ইস্যুয়ার অথবা ফান্ডের একাউন্টিং পলিসির কোনো পরিবর্তন, ইত্যাদি।

২। কর্পোরেট ঘোষণা সংক্রান্ত তথ্যাদি, যেমনঃ-

(ক) লভ্যাংশ সংক্রান্ত যে কোনো সিদ্ধান্ত;

(খ) সিকিউরিটিহোল্ডারগণকে রাইট, বোনাস ইস্যুর ঘোষণা বা ইস্যু করা বা অনুরূপ সুবিধা প্রদানের সিদ্ধান্ত;

(গ) বিনিয়োগকারীদের প্রাপ্যতা সম্পর্কিত কর্পোরেট ঘোষণা বা অন্য কোনো তথ্য; এবং

(ঘ) লভ্যাংশ বিতরণ পলিসি পরিবর্তন, ইত্যাদি।

৩। কর্পোরেট কাঠামো পরিবর্তন সংক্রান্ত তথ্যাদি, যেমনঃ-

(ক) বিদ্যমান সম্পদের ৫% বা তাহার বেশি কোনো সম্পদের অধিগ্রহণ বা অবসায়ন;

(খ) কোম্পানির সহিত অন্য কোম্পানির একীভূতকরণ বা কোনো কোম্পানির উল্লেখযোগ্য শেয়ার অর্জন ও অধিগ্রহণ, ইত্যাদি;

(গ) কোম্পানির কোনা ইউনিটকে বিভক্তিকরণ (Demerger);

(ঘ) কোম্পানির কোনো ইউনিটের রূপান্তর বা অবসায়ন;

(ঙ) ক্যাপিটাল রিঅর্গানাইজেশন বা একীভূতকরণ বা বিভক্তিকরণের মাধ্যমে কর্পোরেট কার্যক্রমের পরিবর্তন;

(চ) কোনো কোম্পানির কর্তৃত্ব গ্রহণ (টেক-ওভার) প্রস্তাব বা অভ্যন্তরীণ সেবার অধিগ্রহণ প্রস্তাব;

(ছ) কোম্পানির নিয়ন্ত্রণে প্রভাব ফেলতে পারে এইরূপ মালিকানার পরিবর্তন; এবং

(জ) নাম বা ঠিকানা পরিবর্তন, ইত্যাদি।

৪। পুঁজি কাঠামো পরিবর্তন সংক্রান্ত তথ্যাবলি, যেমন:-

(ক) সিকিউরিটির প্রাইভেট বা পাবলিক বা রাইটস অফার অথবা এর পুঁজি কাঠামোর পরিবর্তন সংক্রান্ত কোনো সিদ্ধান্ত;

(খ) সিকিউরিটি বা ফান্ডের ইউনিট পরিকল্পিতভাবে পুনঃক্রয় বা রিডেমশন;

(গ) যে কোনো শেয়ার কনসোলিডেশন, শেয়ার বিনিময়, কোনো সিকিউরিটিকে ইক্যুইটি সিকিউরিটিতে রূপান্তর অথবা ঋণপত্রকে শেয়ারে রূপান্তর সংক্রান্ত সিদ্ধান্ত; এবং

(ঘ) সিকিউরিটিহোল্ডারদের অধিকার সংক্রান্ত উল্লেখযোগ্য পরিবর্তন, ইত্যাদি।

৫। ব্যবসায় কার্যক্রমের সম্প্রসারণ, পরিবর্তন ইত্যাদি সংক্রান্ত তথ্যাদি, যেমন:-

(ক) কোম্পানির প্রযুক্তি, উৎপাদন বা স্থাপনা সম্পর্কিত উল্লেখযোগ্য কোনো উন্নয়ন বা পরিবর্তন;

(খ) উল্লেখযোগ্য পুঁজি বিনিয়োগ অথবা প্রতিষ্ঠানের উদ্দেশ্যের উল্লেখযোগ্য পরিবর্তন;

(গ) উল্লেখযোগ্য নতুন চুক্তি, উৎপাদন, প্যাটেন্ট, সেবা অথবা ব্যবসায়িক পরিবর্তন;

(ঘ) দীর্ঘমেয়াদী অনাদায়ী তহবিলের উল্লেখযোগ্য আদায়;

(ঙ) প্রধান নির্বাহী, সিইও, সিএফও, কোম্পানি সচিবসহ পরিচালনা পর্ষদ এর পরিবর্তন বা পদত্যাগ বা পদচ্যুতি;

(চ) বিধিবদ্ধ নিরীক্ষক বা কর্পোরেট গভর্নেন্স কমপ্লায়েন্স অডিটর, ক্রেডিট রেটিং কোম্পানির পরিবর্তন;

(ছ) লিগ্যাল প্রসেডিংস শুরুকরণ বা রেগুলেটরী বিষয়াদির উন্নয়ন অথবা কোনো উল্লেখযোগ্য রায় বা আদেশ;

(জ) স্টক এক্সচেঞ্জ হইতে সিকিউরিটি বা ফান্ডের ইউনিটের তালিকাচ্যুতি বা এক ক্যাটাগরি হতে অন্য ক্যাটাগরিতে পরিবর্তন;

(ঝ) উল্লেখযোগ্য ম্যানেজমেন্ট কন্ট্রাক্ট, ইনভেস্টরস রিলেশন এগ্রিমেন্ট, সর্ভিস এগ্রিমেন্ট, অথবা রিলেটেড পার্টি ট্রানজেকশন যাহা আর্থিক বিবরণীকে উল্লেখযোগ্যভাবে প্রভাবিত করিতে পারে এইরূপ কোনো চুক্তি;

(ঞ) কোনো স্থায়ী সম্পত্তি ক্রয় বিক্রয়ের সিদ্ধান্ত বা প্লান্ট বা মেশিনারীর সংস্কার বা উন্নয়ন বা সম্প্রসারণ (BMRE) বা নূতন ইউনিট স্থাপন সংক্রান্ত তথ্য; এবং

(ট) আন্তঃকোম্পানি বা সাবসিডিয়ারী বা সহযোগী প্রতিষ্ঠানের মধ্যে উল্লেখযোগ্য অগ্রিম বা ঋণ প্রদান বা গ্রহণ বা পরিচালকের সাথে ঋণ আদান-প্রদান, ইত্যাদি।

৬। ঋণ ব্যবস্থাপনা সম্পর্কিত তথ্যাদি, যেমন:-

(ক) পরিশোধিত মূলধন বা নীট সম্পদ মূল্যের মধ্যে যাহা অধিক তাহার ২৫% বা তাহার বেশি পরিমাণ ঋণ গ্রহণ ও পরিশোধ;

(খ) উল্লেখযোগ্য সম্পদ দায়বদ্ধকরণ অথবা দায়মুক্তকরণ;

(গ) কোনো ব্যাংক বা পাওনাদার বা ঋণপত্রের দায় বা দেনা পরিশোধে ০৬ (ছয়) মাসের অধিক সময়ের ব্যর্থতা;

(ঘ) উল্লেখযোগ্য নতুন ঋণ চুক্তি; এবং

(ঙ) বৈদেশিক ঋণ চুক্তি বা বিনিয়োগ চুক্তি, ইত্যাদি।

৭। ফান্ড ব্যবস্থাপনা ও কাঠামো পরিবর্তন সম্পর্কিত তথ্যাদি, যেমনঃ-

(ক) ফান্ডের মেয়াদ বর্ধন-কর্তন;

(খ) ফান্ডের অবসায়ন;

(গ) ফান্ডের রূপান্তর;

(ঘ) কোনো একক সিকিউরিটিতে ফান্ডের ১০% বা তাহার বেশি বিনিয়োগ;

(ঙ) কোনো উল্লেখযোগ্য বিনিয়োগ নগদায়নে লাভ বা ক্ষতি; এবং

(চ) ফান্ডের ট্রাস্টির গঠন, ট্রাস্ট দলিলের কোনো পরিবর্তন, ইত্যাদি।

৮। অন্যান্য, যেমন:-

(ক) কোনো গুরুত্বপূর্ণ চুক্তি স্বাক্ষর বা পূর্বে ঘোষিত/স্বাক্ষরিত চুক্তি বাতিল বা উল্লেখযোগ্য সংশোধন;

(খ) কোম্পানির উল্লেখযোগ্য কোনো সম্পদের ক্ষতি বা উহার ভাবমূর্তি ক্ষুন্নকারী কোনো ঘটনা;

(গ) পূর্বে ঘোষিত কোনো প্রকল্প বাতিল বা উহার উল্লেখযোগ্য সংশোধন; এবং

(ঘ) ইস্যুয়ার বা ফান্ডের অডিটর কর্তৃক কোয়ালিফাইড প্রতিবেদন দাখিল, ইত্যাদি।

স্বাক্ষরিত/-
**মোঃ কাজিম উদ্দিন**
মুখ্য নির্বাহী কর্মকর্তা